ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



◀◀ প্রভাসের অনুরাগীদের কাছে ক্ষমা চাইলেন অমিতাভ!

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

মেসিকে জন্মদিনের উপহার দিতে চায় আর্জেন্টিনা ▶▶

পৃঃ ৬



Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৭৭ ● কলকাতা ● ১৫ আষাঢ়, ১৪৩১ ● রবিবার ● ৩০ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## লাদাখ সীমান্তে টি ৭২ ট্যাঙ্ক সহ পাঁচ সেনা জওয়ান তলিয়ে গেল হড়পা বানে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লাদাখের নিউমা-চুসুল এলাকা থেকে ১৪৮ কিলোমিটার দূরে মন্দির মোড়-এর কাছে ট্যাঙ্ক নিয়ে নদী পার হওয়ার সময় হঠাৎ করে হড়পা বানে নদী জলে ভরে ওঠে, প্লাবিত হয় নদী। জওয়ানরা তখন ওই জল পেরিয়ে তড়িঘড়ি ডাঙায় ওঠার চেষ্টা করেন, কিন্তু জলের তোড়ে ডুবে যান পাঁচজন জওয়ান। ভোররাতে এই মর্মান্তিক ঘটনাটি ঘটে।লাদাখের নিউমা- চুসুল এলাকায় ট্যাংক অনুশীলনের সময় এই ঘটনা ঘটে বলে জানা গেছে। ভারতীয় জওয়ানরা ভারত-পাক সীমান্তে নিয়ন্ত্রণ রেখার (এলএসি)- র কাছে ঐ সময় ট্যাঙ্ক অনুশীলনে ব্যস্ত ছিলেন। স্থানীয় প্রশাসন সূত্রে জানা গিয়েছে, টি-৭২ ট্যাঙ্ক নদী পার হওয়ার সময় ভয়াবহ ঘটনাটি ঘটে। সেনাবাহিনীর এক কর্মকর্তা জানিয়েছেন, পাঁচজন সৈন্যসহ টি-৭২ ট্যাঙ্কটি নদী পার হওয়ার সময় আকস্মিক বন্যার কারণে ডুবে যায়।

## ধমকা চমক দিয়ে জমি দখল সম্ভব নয়, গ্রেপ্তার হলেন তৃণমূলের নেতা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ পাওয়ার পর থেকেই বেআইনিভাবে জমি দখল এবং হকার উচ্ছেদের ঘটনায় কার্যত তোলপাড় রাজ্য রাজনীতি। সম্প্রতি নবান্ন থেকে বৈঠক করে খোদ মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছিলেন এই কাজের সাথে জড়িত দলের কাউন্সিলর থেকে শুরু করে মন্ত্রী আমলা কাউকেই রেয়াত করা হবে না।দলের ব্লক সভাপতি গ্রেফতার হতেই এই মুহূর্তে আলোচনায় উঠে এসেছে ডাবগ্রাম ফুলবাড়ী। ২০১১ সালে এই বিধানসভা কেন্দ্র তৈরি হওয়ার পর শাসকদলের নেতাদের ঢালাও ভোট দিয়েছিলেন এলাকাবাসী। এখান থেকে জিতেই দুবার মন্ত্রী হয়েছিলেন গৌতম দেব। কিন্তু ধীরে ধীরে নেতাদের দাদাগিরিতে অতিষ্ঠ হয়ে ওঠেন এলাকাবাসী। জানা যায় গ্রামের মানুষদের ধমকে চমকে জমি বিক্রির ব্যবসা করতেন দেবাশীষ প্রামাণিক। যার ফলে ফুলেফেটে ফুলেফেঁপে ওঠে তার সাম্রাজ্য।

দিনের পর দিন শাসক দলের নেতাদের ক্ষমতার আস্ফালন, টাকার লোভ, কিংবা জমির কারবারে জড়িয়ে পড়ার ঘটনা জেনেও রাশ টানতে পারেননি গৌতম দেব। যার ফলস্বরূপ ২০২১-এ হারতে হয় গৌতম দেবকে। একই ফল হয় ২০২৪ সালেও। প্রসঙ্গত ডাবগ্রাম ২ গ্রাম পঞ্চায়েতে দু'বারের প্রধান এবং ২০২৩ এ ব্লক সভাপতি ছিলেন সুধা সিং। কিন্তু

এরপর ৩ পাতায়

## দিল্লি থেকে ফিরে মমতার বিরুদ্ধে মানহানি মামলার পথে রাজ্যপাল আনন্দ বোস





**কলকাতা: নিউজ সারাদিন :** রাজভবনে যেতে মহিলারা 'ভয়' পাচ্ছেন বলে মন্তব্য করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই মন্তব্যে রুষ্ট রাজ্যপাল সিভি আনন্দ বোস কি কলকাতা হাই কোর্টে মানহানির মামলা দায়ের করছেন মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে? সংবাদসংস্থা পিটিআই সূত্রে খবর, ইতিমধ্যেই কলকাতা হাই কোর্টে সেই মামলা দায়ের করা হয়েছে। যদিও নামপ্রকাশে অনিচ্ছুক হাই কোর্টের আইনজীবীরা শনিবার জানিয়েছেন, এমন কোনও মামলা দায়ের করা হয়েছে বলে শোনা যায়নি। আবার রাজভবন সূত্রের খবর, রাজ্যপাল আপাতত দিল্লিতে। তিনি কলকাতায় ফেরার পরে ওই মামলা দায়ের করা হতে পারে। দিল্লিতে ওই বিষয়ে আইনি পরামর্শও নিয়ে থাকতে পারেন রাজ্যপাল। বৃহস্পতিবার নবান্ন সভাঘরে সরকারি বৈঠক থেকে রাজভবন নিয়ে কিছু মন্তব্য করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা। তিনি বলেছিলেন, 'রাজভবনে যা কীর্তিকলাপ চলছে, মেয়েরা সেখানে যেতে ভয় পাচ্ছে বলে অভিযোগ করেছে আমার কাছে।' মমতা যখন ওই মন্তব্য করেন, তখন রাজ্যপাল ছিলেন দিল্লিতে। বিষয়টি তাঁর কানে গেলে দিল্লি থেকেই মমতার ওই মন্তব্যের কড়া প্রতিক্রিয়া দেন রাজ্যপাল বোস। এ-ও বলেন যে, এক জন প্রশাসনিক প্রধানের কাছে তিনি কোনও বিষয়ে এমন 'বিভ্রান্তিকর' এবং 'অবমাননাকর' মন্তব্য আশা করেননি। ঘটনাচক্রে, তার পর শুক্রবার দিল্লিতে বাংলার রাজ্যপালের সঙ্গে দেখা করতে আসেন কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল। তার আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং উপরাষ্ট্রপতি তথা বাংলার প্রাক্তন রাজ্যপাল জগদীপ ধনখড়ের সঙ্গেও বৈঠক হয় বোসের। সূত্রের খবর, তার পরেই মমতার বিরুদ্ধে মানহানির মামলা করার সিদ্ধান্ত নেওয়ার পথে হাঁটছেন রাজ্যপাল বোস।

## উত্তর প্রদেশ সরকার অবহেলা এবং দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগে ছয় জন ইঞ্জিনিয়ারকে বরখাস্ত করলেন




**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** অযোধ্যায় নবনির্মিত রাম পথের কিছু অংশ প্রথম প্রাক-মৌসুমী বৃষ্টিতে ধসে পড়ার তিন দিন পর, উত্তর প্রদেশ সরকার অবহেলা এবং দায়িত্ব পালনে ব্যর্থতার অভিযোগে ছয় জন ইঞ্জিনিয়ারকে বরখাস্ত করেছে। এই ছয় জনের মধ্যে পিডব্লিউডি এবং জল নিগমের তিনজন করে ইঞ্জিনিয়ার রয়েছেন। এছাড়াও রাম মন্দিরের পথে ধসের ঘটনায় গুজরাটের আহমেদাবাদের ভূগন ইনফ্রাকন প্রাইভেট লিমিটেডকে একটি নোটিশও দেওয়া হয়েছে। এই সংস্থাটি শহরের বেশ কয়েকটি রাস্তা তৈরির দায়িত্বে ছিল।সাধারন মানুষ বলছেন সরকার কঠিন হলে কন্টাকটাররা সঠিক কাজ করবে।









# আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার বিজেপি প্রধান



**মালদহ: নিউজ সারাদিন :** আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার বিজেপি প্রধান। মালদহের মানিকচকের নাজিরপুর গ্রাম পঞ্চায়েতের বিজেপি প্রধান দেবাশিস মণ্ডল-সহ ছয় জনকে গ্রেফতার করল মানিকচক থানার পুলিশ। ধৃতদের আদালতে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে মানিকচক থানার পুলিশ।দক্ষিণ মালদহ জেলা বিজেপির সাধারণ সম্পাদক গৌড় চন্দ্র মন্ডল বলেন,এটা সম্পূর্ণ ষড়যন্ত্র।সারা পশ্চিমবঙ্গ জুড়ে পুলিশ তৃণমুলের দলদাসে পরিণত হয়েছে। এটা চক্রান্ত করে ফাঁসানো হয়েছে। দীর্ঘদিন ধরে নাজিরপুর গ্রামপঞ্চায়েতে কাজ করতে দিচ্ছে না। সব চেয়ে বড়ো কথা তাদের কাটমানি দরকার। কাটমানি খেতে পাচ্ছে না তাই প্রধানকে ফাঁসাতে হবে। তাই প্রধান হ্যাঙ্গ হবে। যেহেতু বিজেপির পঞ্চায়েত।কোন কাজ করতে দিচ্ছে না। ফলে পুলিশ প্রশাসনকে ব্যবহার করে এই সব করছে। মালদহের মানিকচক থানার নাজিরপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান।শুধু তাই নয় মানিকচক ব্লকের যুব তৃণমূল কংগ্রেস কমিটির সদস্য সারবান মণ্ডলও রয়েছে।ধৃতরা অস্ত্রের কারবারের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে।পুলিশ সূত্রে এমনই জানা গেছে। মানিকচক থানার পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে মানিকচকের হরিপুর এলাকায় অভিযান চালায় পুলিশ। সেখানে আম বাগান থেকে বিজেপি প্রধান-সহ এই ছয় জনকে গ্রেফতার করা হয়। উদ্ধার হয়েছে একটি সেভেন এমএম পিস্তল, আট রাউন্ড কার্তুজ, দুটি ম্যাগাজিন ও দুটি মোটরবাইক। অস্ত্র কারবারের সাথে যুক্ত বিজেপি প্রধান দেবাশিস মণ্ডল বলে পুলিশ সূত্রে খবর। আগ্নেয়াস্ত্র বিক্রি করার উদ্দেশ্যে ওই ছয় জন আমবাগানে জড়ো হয়েছিল কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।জেলা তৃণমুলের সহ সভাপতি দুলাল সরকার বলেন, আমরা আগেই বলোছি উনি তো বিজেপি প্রধান।মালদা জেলার একটা সাইড দিয়ে বিহার ঝাড়খন্ডের বর্ডার। দেখা যায় ওই সব এলাকার জেলার চুরি ডাকাতি সোনার দোকানে ছিনতাইয়ের ঘটনায় ওই সব বিহার ঝাড়খন্ডের দুস্কৃতিরা যুক্ত থাকে। যেহেতু ওই সব এলাকা গুলোতে ভারতীয় জনতা পার্টি স্বক্রিয় । এরকম অনেকেই আছে যারা এদের সঙ্গে যোগাযোগ রাখে। আজকে নাজিরপুরের প্রধান পাশেই তো গঙ্গা পার হলেও বিহার ঝাড়খন্ড। তার ওখান থেকে বাংলাকে অশান্ত করার জন্য এই কারবার করে। প্রধানও তাই করোছে। প্রয়োজনীয় ব্যবস্থা সরকার নেবে। এরকম অনেকে আছে যারা বিহার থেকে দুস্কৃতি এনে ভোটের সময়বিজেপিরা এখানে রাজনীতি করে। বিহার থেকে তারা এই সব আমদানি করেছে বাংলাকে অশান্ত করতে। পুলিশ গ্রেফতার করেছে পুলিশ ব্যবস্থা নেবে। ব্যবসা বানিজ্যর জন্য লঞ্চে যায়। এখানে বিজেপির কর্মী নেতারা সেখানকার দুস্কৃতিদের আশ্রয় দেয়। তার সাথে তারা এই সব কেনা বেঁচা করে। তাদের যোগাযোগ হয়। যদি তৃণমুলের কেউ যুক্ত থাকে তাহলে আমাদের দল পাশে দাঁড়াবে না। যে কোন অন্য কাজে কোন তৃণমুল পার্টি হোক দল না দেছে ব্যবস্থা হবে।

## ফালাকাটা সুপার স্পেশালিটিতে

# স্বাস্থ্য কর্মীদের জন্য চালু হচ্ছে হেলথ কার্ড



**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা: নিউজ সারাদিন :** রাজ্যে সম্ভাব্য প্রথম ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে স্বাস্থ্য কর্মীদের জন্য চালু হচ্ছে হেলথ কার্ড।এই কার্ডের মাধ্যমে এখন থেকে হাসপাতালে কর্মরত স্বাস্থ্য কর্মীরা নিয়মিত চিকিৎসা করাতে পারবেন। তালিকায় খোদ সুপার থেকে সাফাই কর্মী,চিকিৎসক থেকে নার্স,স্বাস্থ্য কর্মী সবাই থাকছেন। আগামী কয়েক দিনের মধ্যেই এই পরিষেবা চালু হচ্ছে।ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার শুভাশিস শী'র কথায়,হাসপাতালে চিকিৎসক, নার্স, স্বাস্থ্য কর্মীরা নিজের স্বাস্থ্যের যত্ন না নিয়ে দিনরাত এক করে রোগীদের সুস্থ করে তোলার কাজ করেন।অনেক সময় তারা নানা রোগে আক্রান্ত হয়ে পড়েন।কিন্তু ডিউটির কারনে তারা চিকিৎসাও ঠিক মতো করান না। তাই ফালাকাটা হাসপাতালের সব স্টাফদের জন্যই হেলথ কার্ড চালু করছি।এখন থেকে প্রতি ছয় মাস অন্তর তারা হাসপাতালেই চিকিৎসা করাতে পারবেন। তাদের জন্য মেডিকেল বোর্ডও বসবে।এই কার্ড স্বাস্থ্য কর্মীদের কাছে যেমন থাকবে তেমনি হাসপাতালের কম্পিউটারেও যাবতীয় তথ্য থাকবে।ওই তথ্য দেখেই একজন স্বাস্থ্য কর্মীর বছরভর চিকিৎসা চলবে বলে জানানো হয়েছে। হাসপাতাল সূত্রে জানাগেছে, এই মুহূর্তে হাসপাতালে চিকিৎসক, নার্স, স্বাস্থ্য কর্মী সহ প্রায় ৩৫০জন স্টাফ আছেন।এদের মধ্যে একেবারে সরকারি কর্মী ছাড়াও বিভিন্ন কোম্পানির মাধ্যমে নিয়োজিত কর্মীরাও আছেন।তাদের প্রত্যেকের জন্যই আলাদা আলাদা হেলথ কার্ড বানানো হয়েছে।আগামী ১জুলাই চিকিৎসক দিবসের দিন ওই হেলথ কার্ড সব ধরনের স্বাস্থ্য কর্মীর হাতেই তুলে দেওয়া হবে। হাসপাতালের চিকিৎসক সুদীপ্ত হালদার বলেন, হাসপাতালের চতুর্থ শ্রেণির কর্মী থেকে আমাদের মতো চিকিৎসক সবার জন্যই হেলথ কার্ড চালু হচ্ছে।এটা অসাধারণ উদ্যোগ।এতে হাসপাতালের সঙ্গে যুক্ত সবাই উপকৃত হবেন।এমন উদ্যোগে খুশি ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালের কর্মরতরা।

## চুরি যাওয়া শিশুদের

# উদ্ধার করলেন পুলিশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শিশুদের রেখে মিষ্টির দোকানে গিয়েছিলেন বাবা-মা। সেই সুযোগে বাচ্চা-সহ গাড়ি নিয়ে পালাল এক চোর। পরে আবার ফোন করে মুক্তিপণেরও দাবি জানায় সে। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়।ঘটনাটি ঘটেছে নয়াদিল্লির লক্ষ্মী নগর এলাকায়। সংবাদসংস্থা এএনআই সূত্রে খবর, শুক্রবার রাত ১১টা ৪০ মিনিট নাগাদ বাড়ি ফেরার সময় লক্ষ্মী নগর এলাকার বিকাশ মার্গের কাছে এক মিষ্টির দোকানে যান এক দম্পতি।অভিযোগ, এর মধ্যে দম্পতির কাছে একটি ফোন আসে। সেখানে বাচ্চাদের ছেড়ে দেওয়ার জন্য ৫০ লক্ষ টাকা দাবি করা হয়। পুলিশ সূত্রে খবর, অপহৃত গাড়িটিকে ১৫০ থেকে ২০০ কিলোমিটার ধাওয়া করা হয়। শেষ পর্যন্ত শিশু-সহ গাড়িটিকে উদ্ধার করে পুলিশ। এক উচ্চপদস্থ পুলিশ আধিকারিকের কথায়, "প্রায় ২০টি পুলিশের দল গাড়ি করে তল্লাশি অভিযান চালায়। তিন ঘণ্টা পর একটি নির্জন জায়গা থেকে অপহৃত গাড়িটিকে উদ্ধার করা হয়। গাড়ি মধ্যে থেকে শিশুদের নিরাপদে পাওয়া যায়। ভয়ে অপহরণকারী পালিয়েছে।" পুলিশ সন্দেহভাজন ব্যক্তির খোঁজ শুরু করেছে। বিভিন্ন এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে। এ ছাড়াও শিশুদের সঙ্গেও কথা বলা হচ্ছে বলেও খবর। খুব শীঘ্রই অভিযুক্তকে ধরা যাবে বলে জানান ওই পুলিশ আধিকারিক। তবে দোকানে যাওয়ার সময় তাঁদের দুই

এরপর ৩ পাতায়


## সুপ্রিম কোর্টের ভর্ৎসনার মুখে

# সরকারি শিক্ষকেরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার সুপ্রিম কোর্টের ভর্ৎসনার মুখে সরকারি শিক্ষকেরা। পরীক্ষা না দিতে চেয়ে সুপ্রিম কোর্টে আবেদন, আর তাতেই সর্বোচ্চ আদালতের ক্ষোভের মুখে রাজ্যের সরকারি শিক্ষকরা। সম্প্রতি বিহার সরকার রাজ্য সরকারি স্কুলগুলিতে কর্মরত শিক্ষকদের যোগ্যতা নিশ্চিত করতে একটি পরীক্ষা চালুর কথা বলেছে।সুপ্রিম কোর্টের নির্দেশ, সকল শিক্ষককেই সরকার নির্ধারিত ওই যোগ্যতার পরীক্ষা দিতে হবে। এদিন শিক্ষকদের আবেদন শুনে রীতিমতো তাদের তুলোধোনা করে সুপ্রিম কোর্ট। বিচারপতি বিভি নাগরত্ন শিক্ষকদের সমালোচনা করে বলেন, "এটাই কি এই দেশের শিক্ষাব্যবস্থার মান? এক জন স্নাতকোত্তর ডিগ্রিধারী শিক্ষক হিসেবে চাকরি পেয়েছেন, ওদিকে সামান্য একটি ছুটির আবেদনপত্র লিখতে পারেন না?"ওই পরীক্ষার বিরোধিতা করেই সুপ্রিম কোর্টে যান শিক্ষকদের একাংশ। পঞ্চায়েত দ্বারা নিযুক্ত শিক্ষকদের রাজ্য সরকারি শিক্ষকের সমস্তরে নিয়ে যাওয়ার জন্য গত বছর একটি নতুন যোগ্যতার পরীক্ষা চালু করার ঘোষণা করেছিল বিহারের শিক্ষা দফতর। এই নিয়েই বিরোধীতায় নামেন ওই পঞ্চায়েত স্তরের শিক্ষকরা। আগে এই সংক্রান্ত মামলা নিয়ে পটনা হাই কোর্টে গিয়েছিলেন শিক্ষকরা। তবে উচ্চ আদালত শিক্ষকদের আবেদন খারিজ করে দেয়। এরপর শিক্ষকদের হয়ে সুপ্রিম কোর্টে যায় বিহারের পরিবর্তনকারী প্রারম্ভিক শিক্ষক সঙ্ঘ। তবে এদিন হাই কেটের রায়ই বহাল রাখল সর্বোচ্চ আদালত।

বিচারপতির কথায়, " বিহারের মতো একটি রাজ্য যখন শিক্ষকদের যোগ্যতার পরীক্ষা নিয়ে শিক্ষাব্যবস্থা আরও উন্নত করার চেষ্টা করছে, সেখানে দাঁড়িয়ে এর বিরোধিতা করা হচ্ছে!" মামলাকারী শিক্ষকদের উদ্দেশে বিচারপতির মন্তব্য, "আপনারা যদি এই যোগ্যতার পরীক্ষার দিতে না পারেন, তা হলে আপনাদের পদত্যাগ করা উচিত।"






# প্রায় ৪৮ ঘণ্টা ধরে থমকে আউটডোর পরিষেবা

**রায়গঞ্জ: নিউজ সারাদিন :** প্রায় ৪৮ ঘণ্টা ধরে থমকে আউটডোর পরিষেবা। ঝুলছে তালা। জরুরি বিভাগেও আটকে কাজ। বিভিন্ন ওয়ার্ডেও রোগী দেখছেন না জুনিয়র ডাক্তাররা। সবমিলিয়ে রায়গঞ্জ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে বিপাকে রোগীরা। হয়রানির শিকার হচ্ছেন দূর-দূরান্ত থেকে আসা রোগী ও তাঁর পরিজনেরা।এই ঘটনার প্রেক্ষিতে বৃহস্পতিবার রাতে দুজনকে গ্রেপ্তার করে পুলিশ। এদিন সিজেএম আদালতে দুজনকে পেশ করা হয়। তাদের সঙ্গে দেখা করতে আদালতে আসেন তৃণমূলের জেলা সভানেত্রী। তাঁর নামও ছিল এফআইআরে। এদিন তিনি আত্মসমর্পণ করেন। যদিও বিচারক তাঁকেও জামিন দিয়ে দেন।শুক্রবারের পর শনিবারও হাসপাতালে জরুরি বিভাগের বাইরে অবস্থান বিক্ষোভে হাসপাতালের মেডিক্যাল কলেজের জুনিয়র ডাক্তাররা।অভিযোগ, বহির্বিভাগ বা আউটডোরে (ওপিডি) তালা ঝুলিয়ে দিয়েছেন তাঁরা। পাশাপাশি বিভিন্ন ওয়ার্ডের রোগী দেখাও বন্ধ রেখেছেন। হাসপাতাল সূত্রে বিস্ফোরক দাবি, জরুরি বিভাগের সামনে বিক্ষোভ চলাকালীন নিজেরা খাওয়া দাওয়া করলেও রোগী বা অন্যান্য চিকিৎসকদের খেতে দেওয়া হচ্ছে না। হাসপাতাল চত্বরে প্রচুর রোগী ভিড় জমালেও মিলছে না পরিষেবা। কোন কারণে বিক্ষোভ?জানা গিয়েছে, বৃহস্পতিবার রাতে পেটে ব্যথার অসহ্য যন্ত্রণায় সার্জিকাল ওয়ার্ডের শয্যায় দীর্ঘক্ষণ ধরে ছটফট করছিল বছর দেড়েকের এক শিশু। অথচ অবলা একরত্তি শিশুর চিকিৎসা পরিষেবার বদলে নির্বিবাদে মোবাইল ফোনের স্ক্রিনে খেলা দেখতে মগ্ন কর্মরত জুনিয়র ডাক্তার (ইন্টার্স)। এমনই অভিযোগ জানাতে গিয়ে রোগীর পরিবারের পড়শি প্রাক্তন পুরকাউন্সিলর তথা মহিলা তৃণমূলের জেলা সভানেত্রীর সঙ্গে জুনিয়র ডাক্তারের তুমুল বচসা। কয়েক মুহূর্তে দলে দলে জুনিয়র ডাক্তাররা ঘটনাস্থলে পৌঁছে রোগীর পরিজনদের সঙ্গে হাতাহাতি-ধ্বস্তাধস্তিতে জড়িয়ে কার্যত তপ্ত হয়ে উঠল রায়গঞ্জ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল ক্যাম্পাস। দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ক্ষিপ্র দুইপক্ষকে সামলাতে গিয়ে রীতিমতো নাজেহাল হতে হয় পুলিশ সহ কেন্দ্রীয় বাহিনী। ঘটনায় জখম একাধিক জুনিয়ার ডাক্তার সহ মহিলা নেত্রী ও রোগীর পরিবারের সদস্যরা। এই ঘটনার প্রতিবাদে শুক্রবার সকাল থেকেই বহির্বিভাগ (ওপিডি) এ তালা ঝুলিয়ে পাশাপাশি বিভিন্ন ওয়ার্ডের রোগী দেখা বন্ধ রেখে জরুরি বিভাগের মূল ফটকের সামনে ওই মেডিক্যাল কলেজের ইন্টার্স এবং হাউসস্টাফদের নেতৃত্বে অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে পোস্টার প্লাকার্ড হাতে নিয়ে অবস্থান বিক্ষোভে সরব হন।

## বিজেপি কর্মীদের রেশন বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে

**আরামবাগ: নিউজ সারাদিন :** লোকসভা ভোটের পর থেকেই চলছিল লাগাতার হুমকি, এবার বিজেপি কর্মীদের রেশন বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। এর আগে মালদাতেও অভিযোগ উঠেছিল রেশন নিয়ে। দীর্ঘ দু'মাস ধরে মিলছে না রেশন। উল্টে চড়া দামে রেশন সামগ্রী বাইরে পাচার করছেন রেশন ডিলার। রাজ্যে রেশন দুর্নীতির তদন্ত চলাকালীনই মালদার হরিশ্চন্দ্রপুরে এমনই অভিযোগ উঠেছিল। বিডিও-র কাছে অভিযোগ জানিয়েছেন গ্রামবাসীরা। রেশন ডিলারের বাড়িতে খাদ্য দফতরের নিয়ামক গেলেও খোঁজ মেলেনি তাঁর।আরামবাগ লোকসভার গৌরহাটি ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের কাপশিট এলাকার ঘটনা। বিজেপির দাবি, লোকসভা ভোটের ফলের নিরিখে গ্রামের দুটি বুথে তৃণমূল পিছিয়ে রয়েছে।অভিযোগ, ভোটের ফল বেরোনোর পর থেকেই বিজেপি কর্মীদের হুমকি দেওয়া হচ্ছে। এবার রেশন বন্ধ করে তৃণমূল পার্টি অফিসে গিয়ে দেখা করতে বলা হয়। এরপরেও রেশন নিতে গেলে ৩ বিজেপি কর্মীর পরিবারের সদস্যদের লাইন থেকে বার করে দেওয়া হয় বলে অভিযোগ। আরামবাগের মহকুমা শাসকের দ্বারস্থ হয়েছে বিজেপি।

উল্লেখ্য, রেশন নিয়ে কম জলঘোলা হয়নি। লোকসভা ভোটের আগে কলকাতা হাইকোর্টে রেশন দুর্নীতি মামলায় রিপোর্ট পেশ করেছিল রাজ্য সরকার। সেই রিপোর্টে বলা হয়েছিল, গোটা রাজ্য জুড়ে এখনও পর্যন্ত রেশন দুর্নীতি সংক্রান্ত ৮৭টি অভিযোগ দায়ের হয়েছে। তার মধ্যে চার্জশিট জমা দেওয়া হয়েছে ৬৫টি মামলায়। ২০টি মামলার তদন্ত চলছে। বাকি, ২টি মামলা ত্রুটিপূর্ণ বলে দাবি রাজ্য সরকারের।

২০১৯ সালের পয়লা জানুয়ারি থেকে ১৪ই মার্চ ২০২৪ পর্যন্ত,

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

# ধমকা চমক দিয়ে জমি দখল সম্ভব নয়, গ্রেপ্তার হলেন তৃণমূলের নেতা

অভিযোগ চাওক্রান্ত করে সরিয়ে দেওয়া হয় তাকে। যার ফলে আবার ব্লক সভাপতি হন দেবাশীস। সূত্রের খবর, সুধাকে গত পঞ্চায়েত নির্বাচনে টিকিট দিতে চাননি দেবাশিস গোষ্ঠী। তবে শেষমেষ টিকিট নিয়ে লড়াই করে জেতেন সুধা সিংহ। কিন্তু এই দুই গোষ্ঠীর লড়াইয়ের জেরেই মাঝখান থেকে ডাবগ্রাম ২ গ্রাম পঞ্চায়েতের গত পঞ্চায়েত নির্বাচন বিজেপির দখলে চলে যায়।এরপর স্বয়ং মুখ্যমন্ত্রীর নির্দেশেই বুধবার জমি কেলেঙ্কারিতে তৃণমূলের ডাবগ্রাম-ফুলবাড়ির সাংগঠনিক ব্লকের সভাপতি দেবাশীষ প্রামাণিককে গ্রেফতার করেছে পুলিশ। তাকে টানা সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। জানা যাচ্ছে জমি কেলেঙ্কারিতে অভিযুক্ত ফুলবাড়ির এই তৃণমূল নেতা দেবাশীষ এক সময় ছিলেন কেরোসিন তেলের ডিলার।

২ পাতার পর

# চুরি যাওয়া শিশুদের উদ্ধার করলেন পুলিশ

সন্তানকে গাড়িতেই রেখে যান। সেই সুযোগে দরজা খুলে গাড়ির মধ্যে উঠে পড়েন এক ব্যক্তি। বাচ্চারা চিৎকার করার আগেই গাড়ি নিয়ে চম্পট দেন তিনি। দোকান থেকে ফিরে এসে ওই দম্পতি দেখেন গাড়িটি নেই। চিন্তায় পড়ে যান তাঁরা। স্থানীয়দের জিজ্ঞাসাবাদ করে বিষয়টি জানতে পারেন। তার পরই থানায় যান দম্পতি। পুলিশের কাছে নিখোঁজ ডায়েরি দায়ের করেন তাঁরা। অভিযোগ পেয়ে তদন্ত শুরু করে পুলিশ। দম্পতির থেকে গাড়ির যাবতীয় তথ্য নিয়ে খোঁজ শুরু হয়। বিভিন্ন পোস্টে গাড়ির তথ্য সরবরাহ করা হয়।

## দিল্লিতে ৮৮ বছরের সর্বোচ্চ বৃষ্টিপাতের রেকর্ড :

# ৬ জনের প্রাণহানি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তীব্র তাপপ্রবাহের পর এবার ভারতের রাজধানী দিল্লিতে বৃষ্টিপাতের রেকর্ড হয়েছে। ৮৮ বছরের রেকর্ডভাঙা বৃষ্টিতে ডুবে গেছে দেশটির বিভিন্ন এলাকা। ভারি বৃষ্টি এবং বন্যার কারণে গতকাল শুক্রবার থেকে আজ শনিবার বিকাল পর্যন্ত দিল্লিতে ছয় জনের মৃত্যু হয়েছে। ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, আগামী ১ জুলাই পর্যন্ত ভারি থেকে অতিভারি বৃষ্টিপাতের পূর্বাভাস থাকায় জারি করা হয়েছে দ্বিতীয় সর্বোচ্চ সতর্কতা। দিল্লি ছাড়া পাঞ্জাব এবং উত্তরাখণ্ডেও ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

আজ শনিবার দিল্লির বসন্ত বিহারের একটি নির্মাণস্থলে ধসে পড়া দেয়ালের ধ্বংসস্তূপ থেকে তিন শ্রমিকের মৃতদেহ উদ্ধার করা হয়। এছাড়া শুক্রবার দিল্লির নিউ উসমানপুর এলাকায় বৃষ্টির পানিতে ভরা খাদে খেলার সময় দুই শিশুর মৃত্যু হয়। অপর একটি ঘটনায় শালিমারবাগ এলাকায় প্লাবিত আন্ডারপাসে পানিতে ডুবে এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

ভারতের উত্তর পূর্বাঞ্চলে নতুন করে জারি করা হয়েছে বন্যার সতর্কতা। আসাম ও মেঘালয়ে ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতের আবহাওয়া বিভাগ। এতে সেখানে বন্যা পরিস্থিতির নতুন করে অবনতির আশঙ্কা করা হচ্ছে। সম্প্রতি বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছিল আসামে। তবে সেখানে এখনও পানিবন্দী রয়েছে এক লাখের বেশি বাসিন্দা।




# কালের গর্ভে হারিয়ে গেছে জীবন্ত এলার্ম ঘুম ভাঙানিয়া




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** সময়টা ছিল উনিশ শতকের মাঝামাঝি সেই সময় ব্রিটেন, ইংল্যান্ড, আয়ারল্যান্ডে তখন কলকারখানা গুলো গড়ে ওঠার ফলে শিল্পায়ন ক্রমবর্ধমান হলেও মানুষদের তেমন আর্থিক সচ্ছলতা ছিল না, তখন বিদ্যুৎ, প্রযুক্তি, এলার্ম ঘড়িও এতটা সহজলভ্য হয়নি। তখন প্রতিটা কলকারখানায় সময়ানুবর্তিতাও খুব কঠিন ছিল। কলকারখানা গুলিতে বেশি শ্রমিকের পাশাপাশি আরো বেশি কাজের সময়ের প্রয়োজন ছিল। সারাদিন হাড়ভাঙ্গা পরিশ্রমের পরেও শ্রমিকদের বেতন ছিল ন্যূনতম। শ্রমিকদের কাজে আসতে দেরি হলে তাঁদের বেতন কাটা যেত অথবা কোন সময় চাকরি চলে যাওয়ার ভয়ও ছিল। সারাদিনের খাটুনির পর কারখানার শ্রমিকরা কম্বলের তলায় গভীর নিদ্রামগ্ন অবস্থায় থাকার ফলে সকালে কর্মীদের ঘুম থেকে উঠতে অনেক সময় দেরি হয়ে যেত। শ্রমিকরা কারখানায় তাড়াতাড়ি যেতে পারতেন না। এই সমস্যা সমাধানের জন্য দরকার হয়ে পড়েছিল এলার্ম ঘড়ির। কিন্তু তখনকার বাজার মূল্য অনুযায়ী এটা সহজলভ্য ছিল না। আসলে তখন এলার্মের ব্যবস্থা বা মোবাইল ফোনের ব্যবস্থা ছিলোনা। তখন যান্ত্রিক এলার্মের ব্যবস্থা না থাকলেও ছিল 'জীবন্ত এলার্ম'। এখন প্রশ্ন আসতেই পারে 'জীবন্ত এলার্ম' আবার কি? এই জীবন্ত এলার্ম ই হলো আদতে 'মানুষ'। যাঁদের দায়িত্ব ছিল ভোর বেলায় মানুষদের ঘুম থেকে ডেকে দেওয়া। শিল্প বিপ্লবের সময়ে এই ঘুম ভাঙানিয়া পেশার জন্ম হয়। সাধারণত কল কারখানার শ্রমিকরাই খুব ভোরে ঘুম থেকে ওঠার জন্য ঘুম ভাঙানিয়াদর ভাড়া করতেন। এরাই পরিচিত হন 'নকার আপার্স' নামে। ওই দেখা যায় ভোরের আবছা আলো - সারাদিনের ক্লান্তি শেষে সবাই তখন অঘোর ঘুমে আচ্ছন্ন। এরা তখন শান্তির ঘুমে ব্যাঘাত ঘটিয়ে কখনো দরজায় ঠক ঠক শব্দ, কখনো টোকা মেরে, আবার কখনো সাইরেন বাজিয়ে ঘুম ভাঙানোর কাজ করতেন। ঘুমে ব্যাঘাত করার জন্য অনেকে তো আবার চোখ কচলাতে কচলাতে জানালা দিয়ে তাদের গালিগালাজও করতেন। কিন্তু সেই সব তো আর কানে নেওয়া যায় না? এটাই তাদের কাজ, তাদের পেশা। প্রথমদিকে এই নকার আপার্সরা কখনো দরজায় ধাক্কা মেরে আবার কখনো তারা দরজার সামনে এসে বলতেন, " উঠে পড়ো সাহেব, ভোর হয়ে গেছে...." এইভাবে ডাকার ফলে অন্যান্য লোকেদের অসময় ঘুম ভেঙ্গে যেত। এই জন্য এই নকার আপার্সদের টাকা কাটা যেত। এক জন নকার আপার্স কর্মীকে গড়ে ৩৫ থেকে ১০০ জনের ঘুম ভাঙাতে হত। টাকা কাটা যাওয়া থেকে রক্ষা পাওয়ার জন্য এই সমস্ত নকার আপার্সরা একটা পন্থা অবলম্বন করতেন। এরা ঘুমন্ত ব্যক্তিকে জাগানোর জন্য হাতিয়ার হিসাবে 'স্নাফার আউটার' ব্যবহার করতেন। এই সরঞ্জামটি গ্যাসের বাতি নেভানোর জন্য ব্যবহার করা হতো যা সন্ধ্যার সময় জ্বালানো হতো আর ভোরবেলা নিভাতে হত। সাধারণত খুব অল্প পারিশ্রমিকের বিনিময়ে বয়স্ক পুরুষ, কখনো পুলিশ কনস্টেবল এবং গর্ভবতী মহিলারা এই পেশায় নিযুক্ত হতেন। প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীনও ভোর বেলায় শ্রমিকদের ঘুম ভাঙ্গাতে রাস্তায় দেখা যেত ঘুম ভাঙানিয়াদের। এদের কারো হাতে লম্বা পাইপ বা লাঠি আবার কারোর হাতে হাতুড়ি ও থাকতো। লম্বা লাঠি অথবা হাতুড়ি ছাড়াও সরু ফাঁপা লাঠির ভেতর মোটরের দানা ভরে শ্রমিকদের শোবার ঘরের জানালায় ছুঁড়ে মেরে ঘুম ভাঙাতেন অথবা লম্বা লাঠি দিয়ে ঘুমন্ত মানুষের ঘরের জানালায় টোকা মেরে ঘুম ভাঙাতেন এই নকার আপার্সরা। কিন্তু আমাদের খুব জানতে ইচ্ছা করে এই বিচিত্র পেশার পেশাজীবী যাঁদের ওপর দায়িত্ব ছিল অন্য মানুষদের ঘুম থেকে ওঠানো তাঁরা কিভাবে এত ভোরে ঘুম থেকে উঠতেন?

এদের ঘুম বা বিশ্রাম নেবার পদ্ধতি ছিল একটু অন্যরকম। শ্রমিকদের ঘুম ভাঙ্গানোর জন্য প্রায় সারারাত না ঘুমিয়ে কাটাতেন এই সমস্ত নকার আপার্সরা। ভোরের আলো ফুটতে না ফুটতেই এরা বাড়ি থেকে বেরিয়ে পড়তেন শ্রমিকদের ঘুম ভাঙ্গানোর উদ্দেশ্যে। ঘুম ভাঙ্গানোর কাজ শেষ হয়ে গেলে নিজের বাড়ি ফিরে যেতেন তাঁরা। বাড়ি ফিরে নিজেদের কাজ শেষ করে বিকেল অথবা সন্ধ্যা পর্যন্ত ঘুমিয়ে নিতেন নকার আপার্সরা। কিন্তু সন্ধ্যার পর আর তাঁরা ঘুমোতেন না কারণ নির্দিষ্ট সময়ের মধ্যে তাঁদের ঘুম না ভাঙলে তাঁরা শ্রমিকদেরও ঘুম ভাঙাতে পারবেন না। সেই ভয়ে সারারাত জেগে বসে থাকতেন নকার আপার্সরা।

সারারাত না ঘুমিয়ে প্রচন্ড ঠান্ডাকে উপেক্ষা করে সামান্য অর্থের বিনিময়ে কারখানার কর্মচারীদের ঘুম ভাঙ্গিয়ে দেবার পেশায় যেসব নকার আপার্সরা নিযুক্ত ছিলেন তাঁদের কপালে জুটতো গালিগালাজ। এমনকি তাদের গায়ে জল ও ঢেলে দেওয়া হতো। সামান্য কৃতজ্ঞতাও নিয়োগ কর্তাদের থেকে তাঁরা পেতেননা। আজকের যুগে দাঁড়িয়ে যখন আমরা সময়কে হাতের মুঠোয় করে নিয়েছি তখন আমরা ভুলে যেতে বসেছি সেই সময়ের কথা যখন ঘুম থেকে ওঠার জন্য এলার্ম হিসেবে ব্যবহার করতে হতো মানুষকে। তাই কালের স্রোতে এই পেশা যাতে হারিয়ে না যায় সেই কারণে ১৯৭০ এর দশক পর্যন্ত উত্তর ইংল্যান্ডের কিছু শহরে নিয়োগ করা হয়েছিল নকার আপার্সদের। কিন্তু সময়ের চাকা যত গড়িয়েছে আমরা যতই আধুনিক মনস্ক হয়ে উঠেছি ততই আমরা ভুলে যেতে বসেছি সেইসব নকার আপার্সদের কথা। যারা দিনের পর দিন, বছরের পর বছর,রাতের পর রাত জেগে নিরবে কাজ করে গেছেন। কালের গর্ভে আজ তারা হারিয়ে গেছে। যেমন আমরা ভুলে গেছি ঘুম পাড়ানি সেই গানের কথা ঠিক তেমনি আমরা ভুলে গেছি ঘুম ভাঙানিয়াদের কথা। টাইম মেশিনকে পিছনের দিকে ঘোরালে ভোরের রক্তিম আভায় কান পাতলে পাখির কলরবের সাথে হয়তো এখনও শোনা যাবে জীবন্ত এলার্ম ঘুম ভাঙানিয়াদের সেই কথা " উঠে পড়ো সাহেব, ভোর হয়ে গেছে...." ।

## বাইডেন নির্বাচন থেকে সরে দাঁড়ালে কী হবে?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি বছরের নভেম্বরে অনুষ্ঠিত হবে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন। এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন বর্তমান ক্ষমতাসীন প্রেসিডেন্ট ডেমোক্র্যাটিক দলের প্রার্থী জো বাইডেন ও সাবেক প্রেসিডেন্ট রিপাবলিকান দলের প্রার্থী ডোনাল্ড ট্রাম্প।

এ উপলক্ষে স্থানীয় সময় বৃহস্পতিবার (বাংলাদেশ সময় শুক্রবার সকাল ৭টায়) প্রথমবারের মতো বিতর্কে অংশ নিয়েছেন তারা। বিতর্কের আয়োজন করে সিএনএন ও এবিসি। সিএনএনের আটলান্টা স্টুডিওতে বিতর্কটি অনুষ্ঠিত হয়।

সিএনএন এর জরিপ অনুযায়ী, এই বিতর্কে হেরে গেছেন বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন।

বিতর্কে জো বাইডেনের দুর্বল পারফর্ম্যান্সের পর ডেমোক্র্যাটদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। বিশেষ করে ঘুরেফিরে নতুন একটি প্রশ্ন শোনা যাচ্ছে, রাষ্ট্রপতি নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা থেকে শেষ পর্যন্ত জো বাইডেন সরে দাঁড়ালে কী হবে? এমন পরিস্থিতি তৈরি হলেও এবারই তা প্রথম নয়।

কংগ্রেশনাল রিসার্চ সার্ভিস অনুসারে, ১৯৭২ সালে ডেমোক্র্যাট দলে ভাইস প্রেসিডেনট পদে প্রতিদ্বন্দ্বিতাকারী সিনেটর টমাস ইগলটন সরে যেতে বাধ্য হন। কারণ, তখন জানাজানি হয় যে তিনি মানসিকভাবে অসুস্থ। এজন্য চিকিৎসাও করিয়েছেন।

কংগ্রেশনাল রিসার্চ সার্ভিসে উল্লেখ করা হয়েছে, যদি দলের মনোনয়ন পাওয়ার পর প্রেসিডেন্ট প্রার্থী সরে দাঁড়ান বা মারা যান, তাহলে ২৫তম সংশোধনী ভাইস প্রেসিডেন্টকে প্রেসিডেন্ট প্রার্থীর পদে উন্নীত করবে। তবে দলের নিয়মকানুনই নির্ধারণ করবে কে দলের পরবর্তী প্রার্থী হয়ে উঠবেন।

বিশ্লেষকরা জানান, ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস এ ধরনের পরিস্থিতিতে নির্বাচনে প্রতিযোগিতার জন্য শীর্ষ প্রতিযোগী হবেন। তবে অন্যান্য সম্ভাব্য প্রার্থীরাও আলোচনায় থাকবেন, যারা আগে যুক্তি দিয়েছিলেন যে তারা সাবেক রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে আরও কার্যকর প্রচার চালাতে পারবেন।

ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউজম নির্বাচনী বিতর্কের পর জো বাইডেনকে অযোগ্য ঘোষণার প্রস্তাব করেছেন। এ গ্যাভিন নিউজমও আলোচনায় থাকতে পারেন।

বিবেচনা করার মতো আরেকটি গ্রুপ রয়েছে, 'সুপার ডেলিগেটস'। প্রায় ৭০০ জন সিনিয়র নেতা এবং নির্বাচিত কর্মকর্তাদের একটি দল। এরা

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৭৭ সংখ্যা ৩০ জুন, ২০২৪ রবিবার ১৫ আষাঢ়, ১৪৩১

## মহাকাশে বড়সড় দুর্ঘটনার হাত থেকে বাঁচলেন সুনীতা উইলিয়ামস ও বুচ উইলমোর



বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন : বড়সড় দুর্ঘটনার হাত থেকে বাঁচলেন সুনীতা উইলিয়ামস ও বুচ উইলমোর। মহাকাশ স্টেশনের কাছাকাছি কক্ষপথে একটি রুশ উপগ্রহ ভেঙে টুকরো টুকরো হয়ে যায়। ভাঙার পর ৬ হাজার কিলোর ওই উপগ্রহটির একশোর বেশি টুকরো হয়েছিল বলে জানা গেছে। বিপদের হাত থেকে বাঁচতে বোয়িং স্টারলাইনার ক্যাপসুলে চলে যান সুনীতা ও বুচ। প্রায় এক ঘণ্টা ধরে খতিয়ে দেখা হয় উপগ্রহের ধ্বংসাবশেষের গতিবিধি। বিপদ কেটে যাওয়ার পর নভশ্চরদের বাইরে আসার অনুমতি দেওয়া হয়। শুরু হয় দৈনন্দিন গবেষণার কাজ। প্রসঙ্গত উল্লেখ্য গত ৫ জুন মহাকাশ স্টেশনো পৌঁছন সুনীতা ও বুচ। শুরুতে আটদিন সময় কাটিয়ে ১৩ জুন পৃথিবীতে ফেরার কথা ছিল তাঁদের। কিন্তু যান্ত্রিক ত্রুটি সহ একাধিক সমস্যার কারণে তা বাতিল হয়ে যায়।

৩ পাতার পর

## বিজেপি কর্মীদের রেশন বন্ধ করে দেওয়ার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে

কোথায় কোথায় রেশন দুর্নীতির অভিযোগ জমা পড়েছে? কী কী অভিযোগ জমা পড়েছে? দায়ের হওয়া FIR-গুলির নম্বর কী? কোন কোন ধারায় মামলা রুজু হয়েছে? সেই তথ্য জানতে চাওয়া হয়েছিল লালবাজারের তরফে।

## সম্পাদকীয়

### তিস্তা ইস্যুতে মোদীর ও মমতা দ্বন্দ্ব এরালেন হাসিনা

তিস্তা জলবণ্টন ইস্যু নিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মধ্যে যে দ্বন্দ্ব সৃষ্টি হয়েছে, তা এড়াতে চায় ঢাকা। বাংলাদেশের পর্যবেক্ষণ, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরের পর তিস্তা-গঙ্গা ইস্যু নিয়ে নতুন করে জটিলতা তৈরি হয়েছে।জলবণ্টন ইস্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দেওয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের চিঠি ভারতের একান্তই অভ্যন্তরীণ বিষয়। এখানে আমার কিছু বলার নেই। এটা সম্পূর্ণ তাদের অভ্যন্তরীণ ব্যাপার। ঢাকার নাক গলানোর কোনও দরকার নেই। কিছু বলারও দরকার নেই। আমার সঙ্গে সবার সম্পর্ক ভালো। মমতা ব্যানার্জির সঙ্গেও সম্পর্ক ভালো, মোদির সঙ্গেও। অন্যান্য সব দলের সঙ্গেও আমার সম্পর্ক ভালো।" জলবণ্টন ইস্যুতে বাংলার মুখ্যমন্ত্রীর প্রসঙ্গ টেনে বিদেশমন্ত্রী হাসান মাহমুদ বলেছেন, "রাজ্য এবং কেন্দ্রের বিষয় তাদের অভ্যন্তরীণ। আমাদের সরকার ভারতের কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে সমঝোতা স্মারক করে বা চুক্তি করে। ঐকমত্য হোক বা দ্বিমত, সেটা তাদের একান্তই অভ্যন্তরীণ বিষয়।"জলবণ্টন নিয়ে ভারতের কেন্দ্রীয় সরকারের সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নতুন করে দ্বন্দ্ব তৈরি হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে একটি চিঠিও দিয়েছেন। তবে জলবণ্টন নিয়ে মোদি-মমতার দ্বন্দ্বে না জড়িয়ে, এই ইস্যুকে অভ্যন্তরীণ বিষয় হিসেবে দেখছে বাংলাদেশ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২২ জুন দিল্লিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করেন। বৈঠকে তিস্তা ও গঙ্গার জলবণ্টন নিয়ে আলোচনা হয়। বৈঠক শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানান, তিস্তার জলবণ্টন নিয়ে বাংলাদেশে একটি কারিগরি টিম পাঠানো হবে।এসবের পর বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গঙ্গাচুক্তি এবং তিস্তা আলোচনা নিয়ে সরব হয়ে ওঠেন। অভিযোগ করেন, পশ্চিমবঙ্গের সঙ্গে আলোচনা না করেই জলবণ্টনের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে দিল্লি। বাংলাদেশের সঙ্গে তিস্তার জলবণ্টন সম্ভব নয় বলেও জানান তিনি। তবে ভারতের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিযোগ নাকচ করে দেওয়া হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে লেখা চিঠিতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দুই দেশের প্রধানমন্ত্রীর বৈঠকের বিষয়ে উল্লেখ করে বলেন, বৈঠকে গঙ্গা ও তিস্তা নদীর জলবণ্টন নিয়ে আলোচনা হয়েছে।তবে পশ্চিমবঙ্গ সরকারের পরামর্শ ও মতামত ছাড়া এ ধরনের একতরফা আলোচনা ও মতামত গ্রহণযোগ্য বা কাম্য নয়। উত্তরবঙ্গের বাসিন্দাদের পানীয় জলের চাহিদা মেটাতে তিস্তার জল প্রয়োজন। তাই বাংলাদেশের সঙ্গে তিস্তার জলবণ্টন করা সম্ভব নয়। দীর্ঘ চিঠিতে তিনি আরও বলেন, তিস্তার জলবণ্টন এবং ফারাক্কা চুক্তি নিয়ে কোনো আলোচনাই রাজ্য সরকারের সম্পৃক্ততা ছাড়া বাংলাদেশের সঙ্গে করা উচিত নয়। পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থ সর্বাগ্রে, যার সঙ্গে কোনও মূল্যে আপস করা উচিত নয় বলেও উল্লেখ করেন মমতা বন্দ্যোপাধ্যায়।জলবণ্টন ইস্যুতে ভারতের কেন্দ্রীয় সরকারে বিরুদ্ধে মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করলেও তা নাকচ করা হয়েছে। ভারতের বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতার অভিযোগ সারবত্তাহীন। গঙ্গা চুক্তি নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর চিঠি ও আপত্তি নিয়ে মুখপাত্র বলেছেন, ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গার জলবণ্টন চুক্তি ২০২৬ সালে নবায়িত করার কথা। এই লক্ষ্যে অভ্যন্তরীণ পর্যালোচনার একটি উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য অভ্যন্তরীণ কমিটি গঠন করা হয়েছে। সেখানে পশ্চিমবঙ্গ-সহ সব অংশীদারকে রাখা হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারও নিয়মিতভাবে সেই কমিটির বৈঠকে অংশ নিচ্ছে। রণধীর জয়সওয়ালের আরও বক্তব্য, গত ৫ এপ্রিলও পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধি বৈঠকে অংশ নিয়েছেন। খাবার ও শিল্পের জন্য জলের বিষয়টি ২০২৬ সালের পরেও চুক্তিতে রাখার জন্য পশ্চিমবঙ্গ সরকার চিঠি পাঠিয়েছে। কমিটি ইতিমধ্যে তার চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ওই প্রতিবেদন পরীক্ষানিরীক্ষা করছে।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই ধরণের অভিজ্ঞতার কথা প্রায়ই শোনা যায়- " আমি যখন আমার সৃষ্টিকর্তার কথা চিন্তা করি, যখন তার কাছে প্রার্থনা করি তখন আমার মনে এক অন্যরকম শান্তি অনুভূত হয়। এই মানসিক শান্তি আমি অন্য কোনোভাবেই অনুভব করি না। এর পরও কি তুমি বলবে ঈশ্বর নেই?" এই ধরণের আধ্যাত্মিক বা মরমী অভিজ্ঞতাকে অবশ্য কোনো ভাষায় ব্যাখ্যা করা যায় না। এই অনুভূতি পরিমাপ করার মত কোনো পদ্ধতিও মনে হয় আবিষ্কৃত হয়নি। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পুরীর জগন্নাথদেবের রথযাত্রা থেকে বাংলায়ও রথযাত্রার সূচনা



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)





বাংলার বাঙ্গালীদের বারো মাসে তেরো পার্বণ,আমরা বাঙালিরা এমন দুবেলা-দুমুঠো অন্য পেটে না পড়লেও আমোদ-প্রমোদে বেঁচে থাকতে ভালোবাসি। আড্ডা বিশ্বাসী বাঙালি। বাংলার ইনফরমেশন টেকনোলজি বা ডিজিটাল মিডিয়ার যুগে ও ঘুরেফিরে আসে মাসে একটা করে উৎসবের রীতি-রেওয়াজ যা প্রাচীনকাল থেকে প্রচলিত। বিজ্ঞানসম্মত ও ঈশ্বর ভিত্তি করে গড়ে উঠেছে প্রাচীনকালের এই কৃষ্টি-কালচার ও সংস্কৃতি প্রচলিত উৎসব। বাংলার দুটি উৎসব একে অপরের সাথে জড়িত অম্বুবাচীতে দক্ষিণ ২৪ পরগনা জেলার ঘুটিয়ারি শরিফ গাজী বাবার মেলা ও তেইশে জুন মঙ্গলবার রথযাত্রা। তবে করোনা সংক্রমণের কারণে পুরীর রথ যাত্রায় নিষেধাজ্ঞা জারি করেছে সুপ্রিম কোর্ট। এই পরিস্থিতিতে নতুন উদ্যোগ নিয়েছে বাংলার ইস্কন। ভার্চুয়ালি রথ যাত্রা করার সিদ্ধান্ত নিয়েছে তারা। ভার্চুয়ালি প্রায় ২৫০০০ বাড়িতে পৌঁছে যাবে রথযাত্রার অনুষ্ঠান। বাড়িতে বসেই রথের রশিতে টান দিতে পারবেন তাঁরা।এবছর রাজ্যেও হবে না রথযাত্রার উৎসব। ইস্কন এবং মাহেশের পক্ষ থেকে আগেই সেকথা জানিয়ে দেওয়া হয়েছে। প্রতিবছর মায়াপুর থেকে ৪৯ কিলোমিটার রথ যাত্রার আয়োজন করে থাকে ইস্কন। এবার সেটা সম্ভব নয় বলে জানিয়েছে মায়াপুর ইস্কন। কলকাতাতেও নামানো হবে না রথ। মাহেশের রথও এবার নামবে না বলে জানিয়ে দেওয়া হয়েছে।রথ কি বা কেন আমরা পালন করি? সমস্ত ইতিহাস আজ আমার কলমে তুলে ধরবো!হিন্দু ধর্মাবলম্বীদের চার ধামের একটি জগন্নাথদেবের মন্দির। বিশেষ করে বিষ্ণু ও কৃষ্ণ উপাসকদের নিকট এটি পবিত্র তীর্থস্থান। জগন্নাথ মন্দিরটি পুরীর পূর্ব সমুদ্র উপকূলে অবস্থিত। রাজা ইন্দ্রদুম্ন স্বপ্নাদেশ পালনার্থে প্রাথমিকভাবে মন্দিরটি নির্মাণের পর, জগন্নাথ মন্দিরটি দ্বাদশ শতাব্দীতে পুনঃনির্মাণ করেন গঙ্গা রাজবংশের রাজা অনন্তবর্মণ চোদাগঙ্গা। কিন্তু মন্দিরটির কাজ সমাপ্ত করেন তার বংশধর অঙ্গভিমা দেব। যদিও মন্দিরের নির্মাতাদের নিয়ে ইতিহাসবিদদের মধ্যে মতপার্থক্য রয়েছে। ১০.৭ একর জমিতে ২০ ফুট প্রাচীর দ্বারা বেষ্টিত জগন্নাথ মন্দির। ভোগমন্দির, নটমন্দির, জগমোহনা এবং দেউল নামে চারটি বিশেষ কক্ষ আছে মন্দিরে। ভোগমন্দিরে খাওয়া দাওয়া হয়, নটমন্দিরে আছে নাচ-গানের ব্যবস্থ্যা, জগমোহনায় ভক্তরা পূজাপাঠ করেন এবং দেউলে পূজনীয় বিগ্রহগুলো স্থাপিত। প্রধান মন্দিরের কাঠামো মাটি থেকে কিছুটা উঁচুতে নির্মিত এবং দুটি আয়তাকার দেয়াল দ্বারা আবৃত। বহিঃপ্রাঙ্গণকে মেঘনাদ প্রাচীর বলা হয় (২০০মিটার/১৯২ মিটার) এবং অভ্যন্তরীণ ঘাঁটিটি কুর্মাবেদ নামে পরিচিত (১২৬ মিটার/৯৫ মিটার)। মন্দিরে চারটি প্রবেশদ্বার রয়েছে- সিংহদ্বার, হস্বদ্বার, খঞ্জদ্বার এবং হস্তীদ্বার। জগন্নাথ মন্দিরের আশেপাশে প্রায় তিরিশটি ছোট-বড় মন্দির লক্ষ্য করা যায়।জগন্নাথ দেব কে কেন্দ্র করে কি রথের ইতিহাসের সূচনা। না অন্য কথা বলছে সেট আজ আমার গবেষণায় তথ্য তুলে ধরছি।

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ভূমিধসে নেপালে নিহত ৯



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : ভারী মৌসুমি বৃষ্টির কারণে সৃষ্ট ভূমিধসে নেপালে ৯ জন নিহত হয়েছেন। এই ভূমিধসে একই পরিবারের পাঁচ জন মারা গেছেন।

নেপালের দুর্যোগ উদ্ধার ও প্রশমন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ তথ্য নিশ্চিত করেছে।

দেশটির রাজধানী কাঠমাণ্ডু থেকে প্রায় আড়াইশ' কিলোমিটার পশ্চিমে গুলমি, পার্শ্ববর্তী সায়াংজা ও বাগলুং জেলায় এই দুর্যোগ সংশ্লিষ্ট দুর্ঘটনা ঘটেছে।

দেশটির জাতীয় দুর্যোগ মোকাবেলা ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মুখপাত্র দিজান ভট্টরাই জানান, গুলমির মালিকা গ্রামে রাতে ভূমিধসের কবলে পড়ে একটি বাড়ি পুরোপুরি ধ্বংস হয়ে যায়, তখন ওই পরিবারের পাঁচ সদস্য ঘুমিয়েছিলেন।

মধ্য জুন থেকে এ পর্যন্ত নেপালে ভূমিধস, বন্যা ও বজ্রাঘাতে অন্তত ৩৫ জনের মৃত্যু হয়েছে বলে নিশ্চিত করেছে দেশটির কর্তৃপক্ষ।

৩ পাতার পর

## বাইডেন নির্বাচন থেকে সরে দাঁড়ালে কী হবে?

তাদের অবস্থানের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে কনভেনশনে প্রতিনিধি হয়। সাধারণত দলীয় নিয়মের অধীনে তারা প্রথম ব্যালটে ভোট দিতে পারেন না। তবে তারা মনোনয়ন পরিবর্তন করতে পারেন। তারা পরবর্তী ব্যালটে ভোট দিতে পারেন।

তবে সত্যি যদি নভেম্বরে সাধারণ নির্বাচনের কয়েক মাসের মধ্যে একজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়ান, তাহলে এটি একটি জটিল পরিস্থিতি তৈরি করবে। তবে এ সংকট কাটানোর জন্য ডেমোক্র্যাট এবং রিপাবলিকানদের কিছুটা ভিন্ন কৌশল রয়েছে।

ডেমোক্র্যাটরা এক্ষেত্রে পার্টির চেয়ার ডেমোক্র্যাটিক গভর্নর এবং কংগ্রেসের নেতৃত্বের সঙ্গে পরামর্শ করেন। পার্টির নিয়ম অনুযায়ী কনভেনশনের পর শূন্যস্থান পূরণ করার ক্ষমতা ডেমোক্র্যাটিক জাতীয় কমিটিকে দেওয়া হয়।

রিপাবলিকানরা এক্ষেত্রে দলের জাতীয় কমিটির মাধ্যমে জাতীয় সম্মেলন পুনরায় আহ্বান করতে পারে। অথবা জাতীয় কমিটি চাইলে একজন নতুন প্রার্থী নির্বাচন করতে পারে।

# সিনেমার খবর

## যে কারণে ক্ষতিপূরণ মামলা হয় সারা আলির নামে!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : বলিউড ইন্ডাস্ট্রিতে পা দিতেই প্রচারের আলো ছিনিয়ে নেন তিনি। প্রথম ছবি কেদারনাথ থেকেই তার জনপ্রিয়তার শুরু। তাক লাগানো অভিনয়, নজরকাড়া হাসি, আর মিষ্টি ব্যবহারে রাতারাতি হয়ে ওঠেন টক অব দ্য টাউন। এছাড়া অভিনেতা সুশান্ত সিং রাজপুতের সঙ্গে তার রসায়ন নিয়ে শুরু হয় জোর গুঞ্জন। তিনি আর কেউ নন, সাইফ আলি খানের কন্যা সারাহ আলি খান।

২০১৮ সালের আগে সারা আলি খানের পরিচয় ছিল সাইফ আলি খান এবং অমৃতা সিংহের মেয়ে হিসাবে। কিন্তু ২০১৮ থেকে তিনি নিজের পরিচয়েই পরিচিত হয়ে ওঠেন। কিন্তু সারার প্রথম ছবির নির্মাতা তার বিরুদ্ধে ৫ কোটি টাকার মামলা করেছিলেন সিনেমাটি মুক্তির আগেই।

আসলে কেদারনাথের শুটিং চলাকালীন রোহিত শেট্টির সিনেমা সিম্বার জন্য চুক্তিবদ্ধ হন অভিনেত্রী সারাহ। অন্যদিকে, প্রায় ২ বছর ধরে চলে কেদারনাথের শুটিং। একাধিক বার পেছায় ছবিটি মুক্তির তারিখও, আর এতেই ধৈর্যচ্যুতি ঘটে সারাহর। সিম্বা ছবির শুটিং শুরু করতেই কেদারনাথ ছবির পরিচালক অভিষেক কাপুর ও প্রযোজক অভিনেত্রীর নামে ৫ কোটি টাকার ক্ষতিপূরণ মামলা করেন। জীবনের প্রথম ছবিতে এত বড় ধাক্কায় খানিকটা মুষড়ে পড়েন সারাহ। অভিনেত্রী নিজেই জানান, সেই সময় তার মাথা কাজ করছিল না।

তার কথায়, 'সময়টা খুব কঠিন ছিল। কারণ, মা তখন দিল্লিতে আর আমার দাদু মৃত্যুশয্যায়। ইব্রাহিম ছোট, স্কুলে পড়ত। আর তখন আমার হাতে আইনি কাগজ ধরিয়ে দেয়া হয়। আমি ভাবছি, এটা নিয়ে কী করব? কিছুই মাথায় আসছিল না তখন।'

যদিও শেষ পর্যন্ত কেদারনাথ ও সিম্বা ছবির পরিচালক নিজেদের অবস্থান থেকে পিছু হটায় কোর্টের বাইরেই হয় সমস্যার সমাধান।

## যে কারণে জাহির-সোনাক্ষীর বিয়েতে খুশি তসলিমা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : রবিবার (২৩ জুন) বিয়ে করেছেন অভিনেত্রী সোনাক্ষী সিনহা। দীর্ঘদিনের প্রেমিক জাহির ইকবালের সঙ্গে শুভ পরিণয় হলো সোনাক্ষীর। প্রায় সাত বছরের সম্পর্ক। ২০১৭ সালের ২৩ জুন এই দিনেই দেখা হয়েছিলো জাহির-সোনাক্ষীর। তাই সাত বছর পর ওই দিনেই বিয়ে করলেন তারা। তবু সোনাক্ষী-জাহিরের বিয়ে নিয়ে প্রথম থেকে চাপানউতর চলছিলো। মুসলিম ছেলেকে বিয়ে করছেন তবে কি ধর্ম বদলাতে হবে অভিনেত্রীকে? না তেমন কিছুই হয়নি 'স্পেশ্যাল ম্যারেজ অ্যাক্ট' অনুযায়ী বিয়ে হয়েছে তাদের।

অভিনেত্রীর শ্বশুর আগেই জানিয়েছিলেন সোনাক্ষীকে ধর্ম পরিবর্তন করতে হবে না। জাহিরের বাবা বলেন, 'সোনাক্ষীর ধর্মান্তকরণ হচ্ছে না, এই ব্যাপারে আমরা নিশ্চিত। বিয়ে হলো দুই হৃদয়ের মেলবন্ধন। এখানে ধর্মের কোনো বিষয় নেই। আমি মানবতায় বিশ্বাস করি। হিন্দুরা ভগবান বলেন আর মুসলিমরা বলেন আল্লাহ্। কিন্তু দিন শেষে আমরা সবাই মানুষ। জাহির ও সোনাক্ষীর জন্য আমার আশীর্বাদ রইলো।”


সোনাক্ষীর আগে বিশেষ বিবাহ আইন অনুসারে ২০২৩ সালে বিয়ে সেরেছেন অভিনেত্রী স্বরা ভাস্কর এবং সমাজবাদী পার্টির যুবনেতা ফাহাদ আহমেদ। মার্চ মাসে সামাজিক বিয়েও সারেন স্বরা-ফাহাদ। সেই বছর সেপ্টেম্বরে জন্ম হয় কন্যা রাবিয়ার। যদিও সোনাক্ষীর বিয়ের খবর শুনে আশঙ্কা প্রকাশ করেছিলেন স্বরা। স্বরার দাবি, ভিন্ন ধর্মে বিয়ে করলে নাকি সন্তানের ধর্ম এবং সন্তানের নাম কী হবে, তা নিয়ে আলোচনা তুঙ্গে ওঠে। তিনি নিজে তার ভুক্তোভোগী। তাই আগে ভাগেই সর্তক করেছেন সোনাক্ষীকে।

যদিও সোনাক্ষী-জাহিরের বিয়ে ধরন দেখে খুশি লেখিকা তসলিমা নাসরিন। বিয়ের কারণেও কারো ধর্মবিশ্বাস যে পরিবর্তন করতে হয়নি সেটা দেখেই খুশি লেখিকা।

তসলিমা জাহির-সোনাক্ষীর বিয়ে প্রসঙ্গে লেখেন, 'জাহির তার নামাজ রোজা, আদৌ যদি ইচ্ছে হয় করবেন। সোনাক্ষীর যদি পুজো করতে ইচ্ছে হয় করবেন। একই বাড়িতে। কেউ কাউকে বাধা দেবেন না। শাহরুখ খানের বাড়িতেও তো তেমনই হয়। মধুর যে কোনো সম্পর্কে ধর্ম হয়ে ওঠে তুচ্ছ ব্যাপার।'

শাহরুখ খান ও গৌরী খান বলিউডের এক নম্বর দম্পতি। প্রায় ৩০ বছরের দাম্পত্যজীবন তাদের। তবে শাহরুখ-গৌরীর প্রেমকাহিনি এখন অনেকেরই জানা। এমনকি, তাদের দাম্পত্য জীবনের গল্প একাধিক বার অনুরাগীদের সামনে উঠে এসেছে। পঞ্জাবি হিন্দু পরিবারের মেয়ে গৌরী ও মুসলিম পরিবারের ছেলে শাহরুখ। তবে ধর্ম কোনো দিনই তাদের ভালোবাসায় অন্তরায় হতে পারেনি। কিন্তু মুসলিম ছেলে শাহরুখের সঙ্গে বিয়েতে আপত্তি ছিলো গৌরীর পরিবারের। তবে সময়ের সঙ্গে পাল্টে গিয়েছে সম্পর্কের সমীকরণ।

## এবার শাহরুখের সঙ্গে জুটি বাঁধছেন সামান্থা?





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : শাহরুখের সঙ্গে জুটি বাঁধছেন দক্ষিণী তারকা সামান্থা রুথ প্রভু! এ নিয়ে বলিউডে জোর গুঞ্জন। কানাঘুষা এও শোনা যাচ্ছে, দেশাত্মবোধক ছবিটি পরিচালনা করবেন রাজকুমার হিরানি। সামান্থা যে শাহরুখের বিশেষ অনুরাগী, এ কথা আগেই জানিয়েছিলেন তিনি। আগে একটি সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, “শাহরুখের সঙ্গে এখনও কাজ করা হয়নি। তার সঙ্গে কাজ করা আমার কাছে স্বপ্নের মতো, আর সেটা এখনও সত্যে পরিণত হয়নি।”

এর আগে রাজকুমার ও শাহরুখের 'ডাঙ্কি' আশানুরূপ ফল করতে পারেনি বক্স অফিসে। সেই ভরাডুবির ক্ষত নাকি এখনও কাটিয়ে উঠতে পারেননি পরিচালক। এর মধ্যেই নতুন ছবির গুঞ্জন, অথচ কোনও বিবৃতি মেলেনি পরিচালকের পক্ষ থেকে। তা নিয়ে সন্দেহ দানা বাঁধছে অনুরাগীদের একাংশের মনে।

তবে সত্যিই যদি পর্দায় শাহরুখ-সামান্থা জুটির দেখা মেলে, তাহলে মন্দ হয় না বলে মনে করছেন দর্শক। বলিউড বাদশাকে নিয়ে নতুন করে কিছু বলার অপেক্ষা রাখে না। অন্যদিকে সামান্থাও দক্ষিণী ফিল্ম ইন্ডাস্ট্রিতে প্রতিষ্ঠিত অভিনেত্রী।

আল্লু অর্জুন ও রাশমিকা মান্দানা অভিনীত ওপুষ্পা ছবিতে আইটেম গানে তার নাচ ঝড় তুলেছিল ভক্তদের মনে। তাছাড়া সামান্থার এত দিনের স্বপ্ন পূরণ হবে বলেও উৎসুক তার অনুরাগীরা। তবে ঘটনার সত্যতা নিয়ে এখনও কোনও বিবৃতি মেলেনি শাহরুখ ও সামান্থার পক্ষ থেকে।

## 'দুষ্টু কোকিল' এখন শীর্ষে



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : টেলিভিশনের পাশাপাশি ওটিটি, ইউটিউবেও ঈদে বিশেষ অনুষ্ঠান দেখছে দর্শকরা। এগুলোর মধ্যে তাদের প্রথম পছন্দ ঈদে মুক্তি পাওয়া 'তুফান' সিনেমার আলোচিত গান 'দুষ্টু কোকিল'। বৃহস্পতিবার 'দুষ্টু কোকিল' মুক্তি পাওয়ার দুই দিনের মাথায় শনিবার বাংলাদেশে ইউটিউব ট্রেন্ডিংয়ে শীর্ষ কনটেন্টের তালিকায় জায়গা করে নেয় মিউজিক ভিডিওটি। গতকাল সকাল পর্যন্ত ইউটিউবে গানটি ৬৫ লাখ বার দেখেছে দর্শকরা। বাংলাদেশে ট্রেন্ডিংয়ে শীর্ষস্থানে থাকা এ আইটেম গানটিতে গতকাল সকাল পর্যন্ত মন্তব্য এসেছে প্রায় ১০ হাজারের বেশি। এর আগে 'দুষ্টু কোকিল'-এর এক ঝলক প্রকাশ করা হয় নেটমাধ্যমে। তাতে দর্শকের সাড়া দেখে আঁচ করা গিয়েছিল যে গানটি বাজিমাত করবে। 'দুষ্টু কোকিল'-এর পুরো গানটি মুক্তি পাওয়ার পর রীতিমতো দর্শক উন্মাদনা তুঙ্গে।

## প্রভাসের অনুরাগীদের কাছে ক্ষমা চাইলেন অমিতাভ!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন** : চলতি সপ্তাহে মুক্তি পাচ্ছে নাগ অশ্বিন পরিচালিত ছবি 'কল্কি ২৮৯৮ এডি'। মুক্তির আগেই অ্যাডভান্স বুকিংয়ে রেকর্ড তৈরি করেছে ছবিটি। ছবিতে রয়েছেন অমিতাভ বচ্চন, কমল হাসন, প্রভাস, দীপিকা পাড়ুকোনসহ একঝাঁক তারকা। কিন্তু ছবি মুক্তির আগে হঠাৎ প্রভাসের অনুরাগীদের কাছে ক্ষমা চেয়ে নিলেন কিংবদন্তি অভিনেতা অমিতাভ বচ্চন।

সম্প্রতি ছবির প্রচারের উদ্দেশ্যে আয়োজিত একটি আলোচনা সভায় যোগ দেন এই ছবির অভিনেতারা। সেখানে ছবির শুরুর দিকে বিভিন্ন ঘটনার উপরে আলোকপাত করেন অমিতাভ। এ সময় তিনি বলেন, 'নাগ যখন আমার কাছে প্রস্তাব নিয়ে আসে, তখন ওর কাছে আমার এবং প্রভাসের চরিত্রের স্কেচ ছিল। প্রভাসের অনুরাগীরা, দয়া করে আমাকে মাফ করবেন। আমি হাতজোড় করে ক্ষমা চাইছি। ছবিতে আমি যা করেছি, সেটা দেখার পর আমার উপর রেগে যাবেন না।'

অমিতাভ জানান, ছবিতে প্রভাসের সঙ্গে তার প্রচুর অ্যাকশন দৃশ্য রয়েছে। সেখানে অমিতাভ নাকি প্রভাসকে প্রচণ্ড মারছেন। সিনেমার পর্দায় প্রভাস-অমিতাভের মধ্যে লড়াই দেখানো হলেও বাস্তবে দুজনের মধ্যে রয়েছে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। সম্প্রতি ইউটিউবে বৈজয়ন্তী নেটওয়ার্কের তরফে একটি ভিডিও পোস্ট করা হয়। যেখানে কল্কির প্রচারে হাজির ছিলেন স্টার কাস্ট। সেই সঙ্গে ছিলেন প্রযোজক প্রিয়াঙ্কা দত্ত ও স্বপন দত্ত।

এই ছবিতে ভৈরবের চরিত্রে অভিনয় করেছেন প্রভাস। অন্য দিকে, অমিতাভকে দেখা যাবে অশ্বত্থামার চরিত্রে। প্রায় ৬০০ কোটি টাকা ব্যয়ে তৈরি ছবিটি দেশের সবচেয়ে ব্যয়বহুল ছবি হতে চলেছে। এই ছবি যে বক্স অফিসে নতুন নজির সৃষ্টি করতে পারে, তা নিয়েও আশাবাদী ইন্ডাস্ট্রির একাংশ।

# দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে বিশ্বকাপ ট্রফি জয় ভারতের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনাল ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ৭ রানে হারাল ভারত। ২০১৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে কার্লস ব্র্যাথওয়েটের ক্ষেত্রে যে কথাটা বলা হয়েছিল, শনিবার সূর্যকুমার যাদবের ক্ষেত্রে বললে এতটুকু অত্যুক্তি হবে না। ২০ তম ওভারে ডেভিড মিলারের অবিশ্বাস্য ক্যাচ নিলেন তিনি। আর যে ক্যাচটার সুবাদে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতল ভারত। ১১ বছরের খরা কাটিয়ে আইসিসি ট্রফি জিতল টিম ইন্ডিয়া। ওই ক্যাচটা না হলে জসপ্রীত বুমরাহ, আর্শদীপ সিং, হার্দিক পান্ডিয়াদের অবিশ্বাস্য পারফরম্যান্স সত্ত্বেও হয়তো হেরে মাঠ ছাড়তে হত রোহিত শর্মা, বিরাট কোহলিদের।

শেষ ওভারে জয়ের জন্য ৬ বলে ১৬ রান দরকার ছিল দক্ষিণ আফ্রিকার। স্ট্রাইকে ছিলেন মিলার। প্রথম বলটা খুব একটা আহামরি করেননি হার্দিক পান্ডিয়া। বল শট মারতে যান মিলার। ঠিকমতো ব্যাট এবং বলের সংযোগ হয়নি। তাতেও বলটা ছক্কা হয়ে যাচ্ছিল। কিন্তু অবিশ্বাস্য ক্যাচ ধরেন সূর্য।

দক্ষিণ আফ্রিকার ম্যাচ শেষ হয়ে গেল সেখানেই। শেষ ওভারে এলো ৮ রান। ব্যর্থ হলো হেনরিখ ক্লাসেনের ২৭ বলে ৫৪ রানের দুর্দান্ত সেই ইনিংস। ৭ রানের জয়ে বিশ্বকাপের নতুন চ্যাম্পিয়ন ভারত।

শনিবার টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছিলেন ভারতের অধিনায়ক রোহিত শর্মা।

টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছিলেন ভারতের অধিনায়ক রোহিত শর্মা। পুরো বিশ্বকাপ জুড়ে অফফর্মে থাকা বিরাট কোহলির ব্যাট আজকে হেসেছে। রোহিত শর্মা, ঋষভ পান্ত ও সূর্যকুমার যাদব রান না পেলেও কোহলি দলের হাল ধরেছিলেন প্রায় শেষ পর্যন্ত। ৫৯ বলে ৭৬ রানের ইনিংস খেলেছেন তিনি।

পাঁচে নামা অক্ষর প্যাটেলের ৪৭ আর শিভম দুবের ২৭ রানে ভর করে ৭ উইকেট হারিয়ে ১৭৬ রান করে ভারত।

দক্ষিণ আফ্রিকার হয়ে দুইটি করে উইকেট নিয়েছেন কেশভ মহারাজ ও এনরিখ নরকিয়া।

## কোচ হিসেবে শেষ ম্যাচ
# রাহুল দ্রাবিদের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বেবি চক্রবর্তী: কলকাতা: নিউজ সারাদিন : আজ শনিবার, টি-২০ বিশ্বকাপ ফাইনালে ভারত মুখোমুখি হবে দক্ষিণ আফ্রিকার। ম্যাচের ফল যাই হোক না কেন কোচ হিসেবে আর ভারতীয় দলের সাথে যুক্ত থাকবেন না রাহুল দ্রাবিদ। জাতীয় কোচ হিসেবে শেষ ম্যাচের আগে স্মৃতি রোমন্থন করলেন দ্রাবিদ। তিনি মনে করেন সেরা স্মৃতি হয়ে থাকবে তৈরি হওয়া সম্পর্ক গুলো। বারবাডোসের কিংস্টন ওভাল মাঠে যে দুই দল খেলবেন তারা দুজনেই এই প্রতিযোগিতায় এখনো পর্যন্ত অপরাজিত। ২০০৭ সালে ওয়ানডে বিশ্বকাপে এই ওয়েস্ট ইন্ডিজের মাটিতেই মুখ থুবড়ে পড়েছিল ভারত যে দলের অধিনায়ক ছিলেন রাহুল দ্রাবিড়। আজ ভারত জিতলে সেই কলঙ্ক ধুয়ে যাবে।

২০২১ সালে ভারতের হেড কোচ হয়েছিলেন রাহুল দ্রাবিদ। বিদায় বেলায় ভারতীয় বোর্ডের পক্ষ থেকে একটি ভিডিও প্রচার করা হয়েছে যাতে রাহুল বলেছেন, "ভারতীয় দলের কোচ হিসেবে আমি অনেক কিছু শিখেছি এবং খুব উপভোগ করেছি। গত আড়াই বছরে আমার পরিবার ভারতীয় দলের একটি অংশ হয়ে গেছিল। আমার দুই ছেলে এখন ক্রিকেট খেলছে। ভারতীয় দল যে পেশাদারিত্ব দেখিয়েছে তা বলে বোঝানো যাবে না। দারুন কিছু ম্যাচ আমরা জিতেছি।"

## জয়ে কোপা অভিযান শুরু
### উরুগুয়ে ও যুক্তরাষ্ট্রের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জয় দিয়ে কোপা আমেরিকার শিরোপা পুনরুদ্ধার অভিযান শুরু করেছে উরুগুয়ে। দিনের আরেক ম্যাচে জয়োৎসবের মাধ্যমে আসরে শুভ সূচনা করেছে স্বাগতিক যুক্তরাষ্ট্র।

ফ্লোরিডার হার্ড রক স্টেডিয়ামে বাংলাদেশ সময় সোমবার সকালে ওস্থি গ্রুপের ম্যাচে পানামাকে ৩-১ গোলে হারায় উরুগুয়ে। মাস্সিমিলিয়ানো আরাউহো, ডারউইন নুনেজ ও মাতিয়াস ভিনা গোল তিনটি করেন। পানামার গোলটি করেন মাইকেল মুরিলো।

লুইস সুয়ারেজ একাদশে ছিলেন না। কোচ মার্সেলো বিয়েলসা তাঁকে বদলি হিসেবেও নামাননি। তবু ম্যাচজুড়েই আধিপত্য দেখায় উরুগুয়ে। শুরুতে গোল পেয়ে এগিয়ে গিয়ে একের পর এক আক্রমণে পানামাকে কোণঠাসা করে রাখে তারা। শেষদিকে দুই গোল করে আসরে প্রথম জয় তুলে নেয় টুর্নামেন্টের ১৫বারের চ্যাম্পিয়নরা।

ম্যাচে ৫৫ শতাংশ সময় বলের দখল ছিল উরুগুয়ের অনুকূলে। ২০টি শটের মধ্যে ৭টি লক্ষ্যে রাখতে সক্ষম হয় তারা। অপরদিকে, পানামা ১০টি শটের মধ্যে কেবল ৩টি লক্ষ্যে রাখতে পারে।

ম্যাচের ১৬তম মিনিটে এগিয়ে নিতে পারতেন আরাউহো। তার দারুণ এক হেড অল্পের জন্য জালে জড়ায়নি। পরের মিনিটে লিড এনে দেন তিনি। বাম প্রান্ত দিয়ে আক্রমণে উঠে ডান পায়ের উঁচু কোনাকুনি শটে লক্ষভেদ করেন এই মিডফিল্ডার।

ম্যাচজুড়ে দাপট দেখালেও দ্বিতীয় গোলের জন্য লম্বা সময় অপেক্ষা করতে হয়েছে সবশেষ ২০১১ সালে শিরোপাজয়ী দলটিকে। ফিফা র‍্যাঙ্কিংয়ের ৪৫ নম্বর দল পানামা অবশ্য একেবারে কোণঠাসা থাকেনি। সুযোগ বুঝে আক্রমণে ওঠার চেষ্টা করেছে বারবার। তবে প্রথমার্ধের বাকি সময়ে আর গোল করতে পারেনি কোনো দলই।

ম্যাচের পরের তিনটি গোলই হয়েছে শেষ দিকে। ৮৫তম মিনিটে জালের দেখা পায় উরুগুয়ে। খুব কাছ থেকে লক্ষভেদ করেন নুনেজ। উরুগুয়ের জার্সিতে শেষ ছয় ম্যাচে এটি তার নবম গোল।

আর যোগ করা সময়ের প্রথম মিনিটে সতীর্থের ফ্রি কিকে লাফিয়ে নেওয়া দারুণ হেডে ব্যবধান ৩-০ করে দেন মাতিয়াস। শেষদিকে এক গোল শোধ করে পানামা।

একই গ্রুপে আগে শুরু হওয়া ম্যাচে টেক্সাসের এটিঅ্যান্ডটি স্টেডিয়ামে র‍্যাঙ্কিংয়ের ১১ নম্বর দল যুক্তরাষ্ট্রের প্রতিপক্ষ ছিল ৮৫ নম্বরের বলিভিয়া। মাঠের ফুটবলেও স্পষ্ট ছিল দুই দলের ব্যবধানে। শেষ পর্যন্ত বলিভিয়াকে ২-০ গোলে হারায় যুক্তরাষ্ট্র। দুটি গোলই আসে প্রথমার্ধে।

ম্যাচের তৃতীয় মিনিটেই যুক্তরাষ্ট্র এগিয়ে যায় ক্রিস্টিয়ান পুলিসিচের গোলে। এসি মিলান তারকার এটি আন্তর্জাতিক ফুটবলে ৩০তম গোল। যা যুক্তরাষ্ট্রের খেলোয়াড়দের মধ্যে ষষ্ঠ। ম্যাচের ৪৪ মিনিটে পুলিসিচের বাড়ানো বল ধরে যুক্তরাষ্ট্রকে দ্বিতীয় গোল এনে দেন ফ্লোরিয়ান বালোগান। দ্বিতীয়ার্ধে আর কোনো গোল না হলেও ৩ পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে যুক্তরাষ্ট্র। ১৯৯৫ সালের পর এবারই প্রথম জয় দিয়ে কোপা আমেরিকা অভিযান শুরু করল যুক্তরাষ্ট্র; যদিও মাঝের সময়ে দলটি মাত্র দুটি আসরই খেলেছে।

## আবারো সাকিবকে নিয়ে বিস্ফোরক মন্তব্য শেবাগের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবারের টি-টোয়েন্টি বিশ্বকাপের গ্রুপ পর্বে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে হারের পর সাকিব আল হাসানের কঠিন সমালোচনা করেছিলেন সাবেক ভারতীয় ক্রিকেটার বীরেন্দর শেবাগ। এ নিয়ে তখন বেশ আলোচনা সমালোচনা হয়েছিল। সেই ঘটনার রেশ কাটতে না কাটতেই আবারো তিনি সাকিবের পারফরম্যান্সের সমালোচনা করলেন।

শনিবার (২২ জুন) ভারতের বিপক্ষে গুরুত্বপূর্ণ ম্যাচে তেমন পারফরম্যান্স দেখাতে পারেননি সাকিব। বোলিংয়ে এক উইকেট পেলেও ব্যাট হাতে ছিলেন পুরোপুরি ব্যর্থ। দলের কঠিন সময়েত নিজের উইকেট বিলিয়েও এসেছেন এই অভিজ্ঞ ব্যাটার।

ব্যাট হাতে সাকিবের আরো দায়িত্বশীল হওয়া উচিত ছিল কি না এমন প্রশ্নের উত্তরে ক্রিকবাজের এক শোতে শেবাগ বলেন, 'আপনার সঙ্গে যখন একজন ব্যাটার আছে, তাকে সঙ্গ দিন। উইকেটে থাকার চেষ্টা করুন। সেখান থেকে ম্যাচ বের করার চেষ্টা করুন। তা না করে আপনি ৭ বলে ১১ রান করে আউট হয়ে গেলেন।'

তিনি আরো বলেন, 'আমি জানি না, এত অভিজ্ঞ হয়েও কেন সে সেটার ব্যবহার করছে না। নাকি কোনো কিছুর পরোয়া করে না সে। তার হয়তো মনে হয়েছে, এক বলে ছক্কা হয়েছে, পরেরটাতেও হবে। এটা তো হতে পারে না। সে আসলে অভিজ্ঞতার ব্যবহার করছে না। এ কারণেই আমি আগেরবার বলেছি, সাকিবের উচিত নতুন কাউকে জায়গা ছেড়ে দেয়া।'

এর আগে ক্রিকবাজের সঙ্গে আলাপকালে সাকিবকে নিয়ে শেবাগ বলেছিলেন, 'তুমি (সাকিব) অ্যাডাম গিলক্রিস্টও না, ম্যাথু হেইডেনও না। বরং বাংলাদেশি ক্রিকেটার। তোমার নিজের লেভেলে খেলা উচিত। কেন সে এমন মুহূর্তে নরকিয়ার বলে পুল শট খেলতে গেল? কেউ একজন যার ১৭ বছরেরও বেশি আন্তর্জাতিক ক্রিকেটে অভিজ্ঞতা রয়েছে তার এটা জানা উচিত ছিল যে এমন মুহূর্তে বল প্রতি রান দরকার ছিল। তুমি (সাকিব) একজন সিনিয়র খেলোয়াড়, সাবেক অধিনায়কৃ অথচ এটাই তোমার ক্রিকেট সেন্স! তোমার লজ্জা পাওয়ার পাশাপাশি এই ফরম্যাট থেকে অবসর নেয়া উচিত।'

## মেসিকে জন্মদিনের উপহার দিতে চায় আর্জেন্টিনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডাকে ২-০ গোলে হারিয়ে স্বস্তির জয় দিয়েই কোপার মিশন শুরু করেছে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা। 'এ' গ্রম্নপে এবার নিজেদের দ্বিতীয় ম্যাচে তাদের প্রতিপক্ষ চিলি। বুধবার নিউ জার্সিতে বাংলাদেশ সময় সকাল ৭টায় শুরু হবে ম্যাচটি। চিলির বিপক্ষে মাঠে নামার আগে নিজের ৩৭ তম জন্মদিন পালন করেছে আর্জেনটাইন তারকা লিওনেল মেসি। ১৯৮৭ সালে আর্জেন্টিনার রোজারিওতে জন্মগ্রহন করেন সর্বোচ্চ ৮ বারের ব্যালন ডি অর জয়ী এই তারকা। জয় দিয়েই নিজের জন্মদিনটা রাঙ্গাতে চায় ৩৬ বছর পর আর্জেন্টিনাকে বিশ্বকাপ জেতানো এই তারকা। শেষ বার কোপার ২০১৬'র আসরে চিলির কাছে ফাইনালে হেরেছিলো ১৫ বারের চ্যাম্পিয়ন আর্জেন্টিনা। এরপর অবশ্য তাদের বিপক্ষে আর হারেনি লিওনেল মেসিরা। তারপরও এই ম্যাচকে খাটো করে দেখছেননা কোচ লিওনেল স্কালোনি। এই ম্যাচে আর্জেন্টিনার মুল একাদশে তাই বেশ কিছু পরিবর্তনের আভাস দিয়েছে আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস। এরমধ্যেই নিউজার্সিতে পৌঁছে আগের দিন রোববার অনুশীলন করেছে আর্জেন্টিনা দল। তবে এই অনুশীলন হয়েছে বন্ধ দরজায়। যেখানে উপস্থিত ছিলেন দলের সকল সদস্য। অর্থাৎ দলে কোনো ইনজুরি সমস্যা নেই। নেই নিষেধাজ্ঞা জনিত কোনো সমস্যাও। কিন্তু তারপরও একাদশে কয়েকটি পরিবর্তন নিয়ে ভাবছেন কোচ স্কালোনি। মূল পরিবর্তনের মধ্যে ফুল ব্যাক মার্কোস অ্যাকুনার জায়গায় প্রথম একাদশে দেখা যেতে পারে নিকোলাস তাগলিয়ফিকোকে। এছাড়াও আগের ম্যাচে বর্ণহীন পারফরম্যান্সের জন্য বেঞ্চ থেকে শুরু করতে পারেন আঞ্জেল ডি মারিয়া। তার জায়গায় নিকোলাস গঞ্জালেজকে দেখা যেতে পারে। কানাডার বিপক্ষে ক্রিস্টিয়ান রোমেরোর সঙ্গে লিসান্দ্রো মার্তিনেজকে দেখা গেলেও এই ম্যাচে ফিরতে পারেন নিকোলাস ওতামেন্দি। এছাড়া হুলিয়ান আলভারেজের জায়গায় লাউতারো মার্তিনেজকে প্রথম একাদশে দেখা যেতে পারে। রোববার রুদ্ধ দ্বারে অবশ্য মাঠে খুব বেশি ঘাম ঝরাননি লিওনেল মেসিরা। জিমে অনুশীলন শেষে ছোট ছোট গ্রম্নপে অনুশীলন করেন তারা। এছাড়া ভলিবল খেলে গা গরম করেছেন। তবে কৌশলগত বিশেষ কোনো কাজ না করলেও খেলোয়াড়দের সঙ্গে লম্বা সময় আলোচনা করেছেন স্কালোনি। এদিকে, চিলির বিপক্ষে জয় পেলে কোয়ার্টার ফাইনাল নিশ্চিত হয়ে যাবে আর্জেন্টিনার। প্রথম ম্যাচে কানাডার বিপক্ষে ২-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে তারা। অন্যদিকে চিলি তাদের প্রথম ম্যাচে পেরুর সঙ্গে গোলশূন্য ড্র করেছে।

এদিকে, সহজ জয়েই কোপার মিশন শুরু করেছে স্বাগতিক যুক্তরাষ্ট্র ও যৌথভাবে রেকর্ড ১৫ বারের চ্যাম্পিয়ন উরুগুয়ে। বাংলাদেশ সময় সোমবার সকালে ফ্লোরিডার হার্ডরক স্টেডিয়ামেওস্থি গ্রম্নপে নিজেদের প্রথম ম্যাচে পানামাকে ৩-১ গোলে হারিয়েছে দুই বারের বিশ্ব চ্যাম্পিয়নরা। ফেবারিট হিসেবেই শুরু করে উরুগুয়ে। দুর্বল পানামার বিপক্ষে গোল পেতে বেশীক্ষণ অপেক্ষা করতে হয়নি মার্সেলো বিয়েলসার শিষ্যদের। খেলার ১৬ মিনিটে ম্যাক্সিমিলিয়ানো আরাউজোর গোলে লিড নেয় উরুগুয়ে। প্রথমার্ধে আর গোলের দেখা পায়নি কোনো দল। দ্বিতীয়ার্ধে গোল বাড়াতে মরিয়া হয়ে ওঠে উরুগুয়ে। তাদের একের পর এক আক্রমন আটকে দেয় পানামার ডিফেন্ডাররা। শেষ পর্যন্ত ৮৫ মিনিটে ব্যবধান দ্বিগুন করে বিয়েলসার দল। দলের হয়ে গোল করেন গ্যাব্রিয়েল নুনেজ। এরপর ইনজুরি সময়ে একটি করে গোল পায় দুদল। ইনজুরি সময়ের প্রথম মিনিটে উরুগুয়ের নিকোলাস ভিনা এবং পঞ্চম মিনিটে পানামার হয়ে এক গোল শোধ দেন আমির মুরিলো। এই গ্রম্নপের আরেক ম্যাচে বলিভিয়াকে ২-০ গোলে হারিয়ে মিশন শুরু করলো যুক্তরাষ্ট্র।

## শেষ মিনিটের গোলে
### স্কটিশদের বিদায় করে টিকে রইল হাঙ্গেরি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শেষ ষোলোর সহজ সমীকরণ অনুযায়ী দুই দলের গ্রুপের শীর্ষ দুই স্থানে থেকে শেষ করার সুযোগ ছিল কম। তবে ২৪ দলের ইউরো প্রতিযোগিতায় তৃতীয় স্থানে শেষ করা চারটি শীর্ষ দলও টিকেট পায় দ্বিতীয় রাউন্ডের।

সেই দৌড়ে টিকে থাকার লড়াইয়ে 'এ' গ্রুপের তলানির দুই দল হাঙ্গেরি ও স্কটল্যান্ড মুখোমুখি রবিবার জার্মানির স্টুটগার্টে মুখোমুখি হয়েছিল।

যেখানে জয়ের কোন বিকল্প ছিলনা দুই দলের সামনে। তবে ম্যাচজুড়ে ম্যাড়মেড়ে ফুটবল খেলা দুই দলের কেউই পাচ্ছিলনা গোলের দেখা । ড্র হলে আগেই ১ পয়েন্টে থাকা স্কটল্যান্ডের খানিক সুবিধা হত প্রথম দুই ম্যাচে পয়েন্টের খাতা খুলতে না পারা হাঙ্গেরির চেয়ে।

তবে নিশ্চিত ড্রয়ের দিকে এগোনো ঘটনাবহুল ম্যাচে শেষ মুহুর্তে চমক দেখায় হাঙ্গেরি ।গোলের জন্য মরিয়া দলের কোচ মার্কো রসি নির্ধারিত সময়ের শেষদিকে বদলি নামান কেভিন চোবোথকে ।অতিরিক্ত হিসেবে এদিন ১০ মিনিট সময় দেওয়া হয়েছিল ।অর্থাৎ খেলা গড়ায় মোট ১০০ মিনিটে ।আর শততম এবং শেষ মিনিটে ম্যাচের ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন ২৪ বছর বয়সী এই ফরোয়ার্ড।

এত লম্বা সময় অতিরিক্ত টাইম দেয়ার কারণ অবশ্য একটি অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ।৬৮তম মিনিটে সতীর্থের বাড়ানো ক্রস নিয়ন্ত্রণে নিতে গিয়ে বক্সে স্কটল্যান্ডের গোলরক্ষকের সঙ্গে সংঘর্ষে আহত হাঙ্গেরির ফরোয়ার্ড বার্নাবাস ভার্গা ।সংঘর্ষের পর আঘাত বেশ গুরুতর বলেই মনে হয়েছিল। তাকে মাঠেই দেওয়া হয় চিকিৎসা ।এ সময় তাকে তার পাশ থেকে পর্দা দিয়ে ঘিরে রেখেছিল খেলোয়াড়েরা ।এতে খেলা বন্ধ থাকে অনেকটা সময়। মাঠে চিকিৎসার পর স্ট্রেচারে করে বাইরে নিয়ে যাওয়া হয় ভার্গাকে।

নাটকীয় এই জয়ে গ্রুপে তৃতীয় স্থান নিশ্চিত হয়েছে হাঙ্গেরির ।চার তৃতীয় সেরা দলের একটি হিসেবে নকআউটে যাওয়ার আশায় রয়েছে তারা।

আসরে ছয় গ্রুপের শীর্ষ দুটি করে দল যাবে নকআউটে। সঙ্গে গ্রুপে তৃতীয় হওয়া সেরা চার দল পাবে শেষ ষোলোর টিকেট।

১ পয়েন্ট পাওয়া স্কটল্যান্ড বিদায় নিয়েছে টুর্নামেন্ট থেকে। এখন পর্যন্ত আটবার বিশ্বকাপ ও চারবার ইউরোতে খেলেও নট নকআউট পর্বের টিকিট কখনো পায়নি স্কটিশরা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি , নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR